

নির্মাণ কাজ পরিদর্শন করছেন
মাননীয় মন্ত্রী
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



নির্মাণ কাজ পরিদর্শন করছেন
সেনাবাহিনী প্রধান
বাংলাদেশ সেনাবাহিনী



নির্মাণ কাজ পরিদর্শন করছেন
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## COX'S BAZAR-TEKNAF MARINE DRIVE




# শুভ উদ্বোধন

## কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ
(১ম, ২য় ও ৩য় পর্যায়)

প্রধান অতিথি : **শেখ হাসিনা**
মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ / ০৬ মে ২০১৭ খ্রিস্টাব্দ

স্থান : ইনানী, কক্সবাজার

এসডব্লিউও-চট্টগ্রাম, বাংলাদেশ সেনাবাহিনী
এবং
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



৮০ কিলোমিটার দীর্ঘ
মেরিন ড্রাইভের একাংশ



৪৪ কিলোমিটারে নির্মিত
৪০ মিটার পিসি গার্ডার ব্রিজ



সাগরের ঢেউ থেকে মেরিন ড্রাইভ
ভাঙ্গনরোধে ব্যবহৃত টেট্রাপড

## প্রকল্পের পটভূমি

### কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ-এর সংক্ষিপ্ত বিবরণ
(১ম, ২য় ও ৩য় পর্যায়)

কক্সবাজার জেলা সদর হতে বঙ্গোপসাগরের তীর ধরে টেকনাফ উপজেলার সাথে সরাসরি সড়ক পথে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তর এর তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ প্রকল্পের আওতায় ৮০ কিলোমিটার মেরিন ড্রাইভের নির্মাণ সম্প্রতি সমাপ্ত হয়েছে। মেরিন ড্রাইভটি ভ্রমণ পিপাসুদের সাগর ও পাহাড়ের নৈসর্গিক সৌন্দর্য অবলোকনসহ বিনোদন ও সড়ক যোগাযোগের অন্যতম মাধ্যম হিসেবে ভূমিকা রাখতে সহায়ক।

১৯৯৩-১৯৯৪ সালে থানা সংযোগ সড়ক (ফিডার রোড টাইপ-এ) হিসেবে বাংলাদেশ সেনাবাহিনী ১৬ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্যাটালিয়ন এর তত্ত্বাবধানে নির্মাণ কাজ শুরু হয়। পরবর্তীতে জুলাই ১৯৯৪ সালে প্রকল্পটির নির্মাণ কাজ তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয়কে হস্তান্তর করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে পুনরায় প্রকল্পটির নির্মাণ কাজ বাংলাদেশ সেনাবাহিনী (ইঞ্জিনিয়ার কোর) এর নিকট হস্তান্তর করা হয়। ২০০৪-২০০৫ অর্থ বছরে সম্পূর্ণ প্রকল্পটিকে ৩টি পর্যায়ে বিভক্ত করা হয়। প্রকল্পের আওতায় ৮০ কিলোমিটার মেরিন ড্রাইভের সাথে ১৭ টি ব্রিজ এবং ১০৮টি কালভার্ট নির্মাণ করা হয়েছে। উল্লেখ্য এ মেরিন ড্রাইভটি কক্সবাজার সদর, উখিয়া ও টেকনাফ উপজেলায় অবস্থিত।


ক) **প্রথম পর্যায়- কলাতলী হতে ইনানী (০.০০-২৪.০০ কিলোমিটার)।** ১২ ডিসেম্বর ২০০৫ তারিখে ৯৩৭৮.৩০ লক্ষ টাকা ব্যয়ে প্রথম পর্যায়ে কলাতলী হতে ইনানী (২৪ কিলোমিটার) মেরিন ড্রাইভটির সংশোধিত ডিপিপি একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং পরবর্তীতে ২০০৭-২০০৮ অর্থ বছরে প্রকল্পটির নির্মাণ কাজ শেষ হয়। উল্লেখ্য, ইতোমধ্যে প্রথম ২ কিলোমিটার সড়ক সাগরের জলোচ্ছ্বাসে বিলীন হয়ে যাওয়ায় বিকল্প ব্যবস্থা হিসেবে কক্সবাজার পৌরসভা কর্তৃক নির্মিত সড়কটি আপাততঃ ব্যবহৃত হচ্ছে। এ ২ কিলোমিটার অংশের সাগর পাড় রক্ষা ও উন্নতি সাধন লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

খ) **২য় পর্যায়- ইনানী হতে শিলখালী (২৪.০০-৪৮.০০ কিলোমিটার)।** ২০০৮-২০০৯ অর্থ বছরে কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ প্রকল্পের ২য় পর্যায়ের নির্মাণ কাজ শুরু হয়। ৪৯১২৬.৬২ লক্ষ টাকা ব্যয় ধরে মেরিন ড্রাইভটির বিশেষ সংশোধনী ডিপিপি অনুমোদিত হয়। ডিপিপি অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়নের জন্য জুন ২০১৬ তারিখ নির্ধারিত থাকলেও ০৫ মাস পূর্বে এ প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

গ) **৩য় পর্যায়- শিলখালী হতে টেকনাফ (৪৮.০০-৮০.০০ কিলোমিটার)।** শিলখালী হতে টেকনাফ ৩২ কিলোমিটার নির্মাণ কাজের জন্য ৪৫৫৮১.৫৭ লক্ষ টাকা ব্যয়ে একনেক কর্তৃক সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০১৫ হতে জুন ২০১৮ পর্যন্ত ধরা হয়। এ প্রকল্পের অনুকূলে বর্তমান সরকার কর্তৃক যথাসময়ে অর্থ বরাদ্দ দেয়ায় এবং ১৬ ইসিবি'র সকল স্তরের সৈনিকবৃন্দের ঐকান্তিক প্রচেষ্টায় প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের ১ বছর ৩ মাস পূর্বে ৩১ মার্চ ২০১৭ এ সম্পূর্ণ করা সম্ভব হয়েছে।

কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ প্রকল্পের নির্মাণ কাজ শেষ হওয়ায় কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত নিরবচ্ছিন্ন একটি সড়ক যোগাযোগ ব্যবস্থার সৃষ্টি হয়েছে, যা অত্র অঞ্চলের অধিবাসীদের অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধির মাধ্যমে এ অঞ্চলের জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখছে। পাশাপাশি পর্যটন শিল্পের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়াও এ মেরিন ড্রাইভ সাবরাং অর্থনৈতিক অঞ্চলকে কক্সবাজারের সাথে সংযুক্ত করায় দেশের অর্থনৈতিক উন্নয়ন ও পর্যটন শিল্পের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



## প্রকল্পের বিবরণ

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ নির্মাণ প্রকল্প |
| প্রকল্প বাস্তবায়নকারী | : | এসডব্লিউও (চট্টগ্রাম), বাংলাদেশ সেনাবাহিনী |
| তত্ত্বাবধানকারী | : | সড়ক ও জনপথ অধিদপ্তর |
| বিভাগ | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| মন্ত্রণালয় | : | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| প্রকল্পের অর্থায়ন | : | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |

### কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ নির্মাণ প্রকল্প
### ১ম পর্যায় (কলাতলী হতে ইনানী)

| | | |
|---|---|---|
| প্রকল্পের মেয়াদকাল | : | সেপ্টেম্বর ১৯৯৩ হতে জুন ২০০৮ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৯৩৭৮.৩০ লক্ষ টাকা (সংশোধিত) |
| দৈর্ঘ্য | : | ২৪ কিলোমিটার |
| ক্যারেজওয়ের প্রশস্ততা | : | ৩.৬৬ মিটার |
| ব্রিজ ও কালভার্ট | : | ০৫টি ব্রিজ ও ৩৮টি কালভার্ট |

### কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ নির্মাণ প্রকল্প
### ২য় পর্যায় (ইনানী হতে শিলখালী)

| | | |
|---|---|---|
| প্রকল্পের মেয়াদকাল | : | জুলাই ২০০৮ হতে জুন ২০১৬ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৪৯১২৬.৬২ লক্ষ টাকা (সংশোধিত) |
| দৈর্ঘ্য | : | ২৪ কিলোমিটার |
| ক্যারেজওয়ের প্রশস্ততা | : | ৫.৫০ মিটার |
| ব্রিজ ও কালভার্ট | : | ০৯টি ব্রিজ ও ২৮টি কালভার্ট |

### কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ নির্মাণ প্রকল্প
### ৩য় পর্যায় (শিলখালী হতে টেকনাফ)

| | | |
|---|---|---|
| প্রকল্পের মেয়াদকাল | : | ০১ জুলাই ২০১৫ হতে ৩০ জুন ২০১৮ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৪৫৫৮১.৫৭ লক্ষ টাকা (সংশোধিত) |
| দৈর্ঘ্য | : | ৩২ কিলোমিটার |
| ক্যারেজওয়ের প্রশস্ততা | : | ৫.৫০ মিটার |
| ব্রিজ ও কালভার্ট | : | ০৩টি ব্রিজ ও ৪২টি কালভার্ট |